



রামিসা হত্যার বিচারের দাবিতে কালশীতে বিক্ষোভ



সংগৃহীত ছবি

রাজধানীর মিরপুরে সাত বছরের এক শিশুকে ধর্ষণের পর হত্যার ঘটনায় ক্ষোভে ফেটে পড়ে স্থানীয়রা কালশী এলাকায় সড়ক অবরোধ করেছেন। দ্রুত বিচার ও দোষীদের সর্বোচ্চ শাস্তির দাবিতে তারা বৃহস্পতিবার সন্ধ্যার আগে কালশী মোড়ে অবস্থান নেন।

বিক্ষুব্ধ জনতা প্রধান অভিযুক্ত সোহেল রানার দৃষ্টান্তমূলক শাস্তি হিসেবে মৃত্যুদণ্ড কার্যকরের দাবি জানান। একই সঙ্গে ঘটনার সঙ্গে জড়িত সবাইকে দ্রুত আইনের আওতায় এনে বিচার সম্পন্ন করার আহ্বানও জানান তারা।

এর আগে দিনের শুরুতে পল্লবীতে রামিসার বাসার সামনে তার সহপাঠী ও এলাকাবাসী পৃথকভাবে প্রতিবাদ কর্মসূচি পালন করে।

ঘটনাকে কেন্দ্র করে সারাদেশে ব্যাপক প্রতিক্রিয়া দেখা দিয়েছে। বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ এই নৃশংস হত্যাকাণ্ডের দ্রুত ও দৃষ্টান্তমূলক বিচার দাবি করে রাজপথে নামছেন। রাজনৈতিক দল ও সামাজিক সংগঠনগুলোও বিক্ষোভ মিছিল ও মানববন্ধন কর্মসূচি পালন করেছে।

প্রসঙ্গত, গত মঙ্গলবার সকালে মিরপুরের পল্লবীর একটি ফ্ল্যাট থেকে রামিসার মাথাহীন মরদেহ উদ্ধার করে পুলিশ। পরে একই ফ্ল্যাটের বাথরুম থেকে তার খণ্ডিত মাথা উদ্ধার করা হয়। এ ঘটনায় পল্লবী থানায় হত্যা মামলা দায়ের করা হয়।

গুরুর দিকে সোহেল রানার স্ত্রী স্বপ্না আক্তারকে আটক করা হয়। পরে মূল অভিযুক্ত সোহেল রানাকে গ্রেপ্তার করে পুলিশ। আদালতে তিনি শিশুটিকে ধর্ষণের পর হত্যার দায় স্বীকার করে জবানবন্দী দিয়েছেন।